# Sanatan Dharma

**সাধারণ ব্যক্তির মৃত্যুর স্বাদ কেমন, কিরূপ এর যন্ত্রণা ?**

আত্মজ্ঞান লাভ হয়নি এরকম সাধারণ ব্যক্তির মৃত্যুর স্বাদ কেমন, কিরূপ এর যন্ত্রণা ?
প্রাচীন বৈদিক সাহিত্য গরুড় পুরাণে বলা হয়েছে ৪০,০০০ বিষাক্ত বিছা পোকা একত্রে কামড়ালে যে যন্ত্রণা হয়, মৃত্যুকালে জীব তার সমান যন্ত্রণা ভোগ করবে।
ভগবান কপিল দেব মৃত্যু সময়ের বীভৎস অভিজ্ঞতা সম্বন্ধে বলছেনঃ ''সেই রুগ্ন অবস্থায় , তরে বায়ুর চাপে , তার চক্ষু ঠিকরে বেড়িয়ে আসে এবং কফের দ্বারা শ্বাসনালি রুদ্ধ হয়ে যায় । নিঃশ্বাস নিতে তখন খুব কষ্ট হয় এবং গলা দিয়ে ঘর-ঘর শব্দ হয় । এভাবে অত্যন্ত মর্মান্তিকভাবে তার মৃত্যু হয় । ( ভাগঃ ৩/৩০/১৬-১৮ )
যেদিন যে মুহূর্তে শিশু জন্মগ্রহণ করে , তখন থেকেই তার মৃত্যু প্রক্রিয়া শুরু হয়।
কিন্তু আমরা জানি না যে, ''এটা জন্ম নয়, এটা মৃত্যু''। আর একেই বলে মায়া । মোহ এটাই
যে , মৃত্যু জন্মগ্রহণ করছে , অথচ আমরা সানন্দে বলছি একটি শিশুর জন্ম হয়েছে।
পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ গীতায়
আমাদের শিক্ষা দিয়েছেন, ''কিভাবে মরতে হবে ? কিভাবে মৃত্যুকে জয় করবে ?''
'' অন্তকালে চ মামেব স্মরন্মুক্তা কলেবরম, যঃ প্রয়াতি স মদ্ভাবং যাতি নাস্ত্যত্র সংশয়ঃ''। ৮/৫
অনুবাদঃ মৃত্যুর সময়ে যিনি আমাকে স্মরণ করে দেহত্যাগ করেন তিনি তৎক্ষনাৎ আমার
ভাবই প্রাপ্ত হন। এই বিষয়ে কোনও সন্দেহ নেই''।

Published on: Dec, 06 2022 09:23